



ফটিকছড়িতে শিবির ক্যাডাররা এক ছাত্রলীগ নেতার হাত-পা ভেঙ্গে গুলি করে হত্যা করেছে

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ঃ ফটিকছড়িতে আরও এক ছাত্রলীগ নেতার লাশ পড়েছে। বুধবার বিকালে অপহরণের পর শিবির ক্যাডাররা নির্ধাতন চালিয়ে হাত-পা ভেঙ্গে দিয়ে এবং গুলি করে নশংসভাবে খুন করে ওই ছাত্রলীগ নেতাকে। তার নাম আবদুল আজিজ (২৫)।

ভূঙ্গপুর ইউনিয়নের কাজীরহাট এলাকায় ঘটনাটি ঘটে। পুলিশ বৃহস্পতিবার তার লাশ উদ্ধার করে। নিহত আজিজ ভূঙ্গপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি।

পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, বুধবার বিকাল ৪টার দিকে আজিজ বন্ধুদের নিয়ে কাজীরহাটে একটি দোকানে বসে থাকার সময় শিবির ক্যাডার বিভিন্ন অস্ত্রের মুখে তুলে সাঙ-আট সন্ত্রাসী সেখানে হানা দিয়ে অস্ত্রের মুখে তুলে নিয়ে যায় আজিজকে। রাতে খবর পেয়ে পুলিশের দুটি টিম ভূঙ্গপুর, পাইকং, হাকয়ালছড়ির বিভিন্ন এলাকা ভ্রম তন্ন করে খুঁজেও তার সন্ধান পায়নি। বৃহস্পতিবার সকালে পুলিশের একটি দল সুয়াবিল-বারমাসিয়া সড়কে আরাইল্যা ডেবা এলাকায় তার লাশ পড়ে থাকতে দেখে। পরে পুলিশ লাশটি উদ্ধার করে নিয়ে আসে। আজিজের শরীরের বিভিন্ন জায়গায় নির্ধাতনের চিহ্ন আছে। তার দুটি হাত ছিল ভাঙ্গা। এ ছাড়া বৃকে দুটি গুলির চিহ্ন আছে। এ ঘটনায় নিহতের বড়ভাই

জসিমউদ্দিন সন্ত্রাসী বিভিন্ন অস্ত্রের সেলিমকে প্রধান আসামী করে একটি মামলা করেছে। উল্লেখ্য, সাম্প্রতিক সময়ে জোট সন্ত্রাসীদের দাপটে ফটিকছড়িতে অশান্তির আওতা জ্বলছে।